অজান্তে

বনফুল

সেদিন আফিসে মাইনে পেয়েছি।

বাড়ি ফেরবার পথে ভাবলাম ‘ওর’ জন্যে একটা ‘বডিস’ কিনে নিয়ে যাই। বেচারী অনেক দিন থেকেই বলছে।

এ – দোকান সে – দোকান খুঁজে জামা কিনতে প্রায় সন্ধ্যা হয়ে গেল। জামাটি কিনে বেরিয়েছি, বৃষ্টিও আরম্ব হ’ল। কি করি, দাঁড়াতে হ’ল। বৃষ্টিটা একটু ধরতে, জামাটি বগলে ক’রে, ছাতাটি মাথায় দিয়ে য়াচ্ছি। বড় রাস্তাটুকু বেন এলাম, তার পরই গলি, তা – ও অন্ধকার।

গলিতে ঢুকে অন্যমনস্ক হয়ে ভাবতে ভাবতে য়াচ্ছি, অনেকদিন পরে আজ নতুন জামা পেয়ে তার মনে কি আনন্দই ন হবে। আমি –

এমন সময় হঠাৎ একটা লোক ঘাড়ে এসে পড়ল। সেও প’ড়ে গেল, আমিও প’ড়ে গেলাম, জামাটা কাদায় মাখামাখি হয়ে গেল।

আমি উঠে দেখি, লোকটা তখনও উঠে নি, উঠবার উপক্রম করছে। বাগে জামার সর্বাঙ্গ জ্ব’লে গেল, মারলাম এক লাথি।

রাস্তা দেখে চলতে পার ন সুয়ার?

মারের চোটে সে আবার প’ড়ে গেল, কিন্তু কোন জৱাব করলে ন। তাতে আমার আরও রাগ হ’ল, আরও মারতে লাগলাম।

গোলমাল শুনে পাসের বাড়ির এক দূয়ার খুলে গেল। হাতে এক ভদ্রলোক বেরিয়ে এসে জিজ্ঞাসা করলেন, ব্যাপার কি মসাই?

দেখুন দিকি মসাই, রাস্কেলটা আমার এত টাকার জামাটা মাটি ক’রে দিলে। কাদায় মাখামাখি হয়ে গেছে একেবারে। পথ চলতে জানে না, ঘাড়ে এসে পড়ল।

কে – ও? ওঃ, থাক মসাই, মাপ করুন, ওকে আর মারবেন ন । ও বেচারা অন্ধ বোবা ভিখারী, এই গলিতেই থাকে।

তার দিকে চেয়ে দেখি, মারের চোটে সে বেচারা কাঁপছে, গা-ময কাদা। আর আমার দিকে কাতরমুখে অন্ধদৃষ্টি তুলে হাত দুটি জোড় ক’রে আছে।

Typeset with Bengali for TEX